কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.moa.gov.bd

স্মারকনং-১২.৮০.০০০০.০৮৩.১৮.১৫২.১৫-২৬ তারিখঃ-২৭-০৭-২০১৫ খ্রিঃ

বিষয়ঃ "২য় শস্য বহুমুখীকরণ প্রকল্প" এর প্রস্তাবিত ২য় সংশোধন বিষয়ে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১২-০৭-২০১৫ খ্রিঃ তারিখে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) কর্তৃক বাস্তবায়নাধীন ''২য় শস্য বহুমুখীকরণ প্রকল্প (এসসিডিপি) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ২য় সংশোধনের প্রস্তাব বিষয়ে পর্যালোচনা সভা সচিব মহোদয়ের সভাপতিত্বে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ (০৩ পৃষ্ঠা)।

২৭.০৭.১৫

(মোহাম্মদ ফাহিম আফসান চৌধুরী)
সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৭৬৭৭
ই-মেইলঃ fahim_moa@yahoo.com

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব (পিপিসি), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ উইং), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৫। উপ-সচিব (বাজেট), প্রশাসন অধিশাখা-৪, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপ-প্রধান-২, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রকল্প পরিচালক, ২য় শস্য বহুমুখীকরণ প্রকল্প (এসসিডিপি), ডিএই, খামারবাড়ি, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি ঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
৩। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অফিস কপি

J:\\SCDP Review Meeting Minutes (12-07-2015).doc

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.moa.gov.bd

**বিষয়ঃ "২য় শস্য বহুমুখীকরণ প্রকল্প" এর প্রস্তাবিত ২য় সংশোধন বিষয়ে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) এবং বাংলাদেশ সরকারের অর্থায়নে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "২য় শস্য বহুমুখীকরণ প্রকল্প" এর প্রস্তাবিত ২য় সংশোধন বিষয়ে পর্যালোচনা সভা গত ১২-০৭-২০১৫ খ্রিঃ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব শ্যামল কান্তি ঘোষ। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-'ক' তে রাখা হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপনের জন্য কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম প্রধানকে আহ্বান জানান।

২.১। যুগ্ম প্রধান বলেন, এডিবি এবং বাংলাদেশ সরকারের অর্থায়নে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "২য় শস্য বহুমুখীকরণ প্রকল্প" বাংলাদেশের উত্তর-পশ্চিম এবং দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২৭টি জেলার মোট ৫২টি উপজেলায় চলমান রয়েছে যার মূল উদ্দেশ্য হচ্ছে লাগসই ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে উচ্চ মূল্যের ফসলের আবাদ বৃদ্ধি করে দেশের দক্ষিণ-পশ্চিম ও উত্তর-পশ্চিমাঞ্চলের প্রান্তিক, ক্ষুদ্র ও মাঝারি কৃষকদের আয় বৃদ্ধি। প্রকল্পটি জুন ২০১৬ তে সমাপ্তির জন্য নির্ধারিত। ইতোপূর্বে প্রকল্পটি ১ বার সংশোধন করা হয়েছে। ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৩৯৪.৬২৫ কোটি টাকা যার মধ্যে এডিবি ঋণের পরিমাণ ৩১৯.৬৪ কোটি টাকা, বাংলাদেশ সরকারের অনুদান ৭২.২৪ কোটি টাকা এবং উপকারভোগীর অনুদান ২.৭৫ কোটি টাকা। প্রকল্পের আওতায় অবকাঠামো নির্মাণ, প্রশিক্ষণ, বেতন ভাতা বৃদ্ধিসহ নানাবিধ কারণে গত ২২-১২-২০১৪ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভায় আন্তঃমন্ত্রণালয় মধ্যবর্তী মূল্যায়ন কমিটি কর্তৃক প্রকল্প সরেজমিন পরিদর্শনপূর্বক প্রাপ্ত সুপারিশের আলোকে প্রকল্পের ২য় সংশোধন প্রক্রিয়াকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। মধ্যবর্তী মূল্যায়ন কমিটি ইতোমধ্যে সরেজমিন প্রকল্প কার্যক্রম পরিদর্শন সম্পন্ন করেছে ও বর্তমানে পরিদর্শন প্রতিবেদন চূড়ান্তকরণের কার্যক্রম চলমান রয়েছে।

২.২। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক বলেন, মাঠ পর্যায়ে প্রকল্পের মূল কার্যক্রম বিলম্বে শুরু হওয়ায় গুরুত্বপূর্ণ কিছু কার্যক্রম (যেমন- কৃষক প্রশিক্ষণ, উপকারভোগী কৃষক কৃষাণির মাঝে ঋণ বিতরণ এবং উচ্চ মূল্য ফসলের মূল্য সংযোজন কার্যক্রম) এর লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি। উল্লিখিত কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য প্রকল্পের মেয়াদ ১ বছর বৃদ্ধির (জুন, ২০১৭ পর্যন্ত) প্রস্তাব করা হয়েছে। এছাড়াও অবকাঠামো নির্মাণে ব্যয় বৃদ্ধি, আলোচ্য প্রকল্প সমাপ্তিতে প্রস্তাবিত তৃতীয় শস্য বহুমুখীকরণ প্রকল্পের সম্ভাব্যতা যাচাই ও পূর্ব প্রস্তুতি গ্রহণ, প্রস্তাবিত নতুন সরকারী পে-স্কেল অনুযায়ী প্রকল্পের কর্মকর্তা কর্মচারীর বর্ধিত বেতনভাতাদি প্রদান, ৪০টির অধিক (৩৮টি উপজেলা পর্যায়ে) যানবাহনের জ্বালানী ও অন্যান্য রক্ষণাবেক্ষণ খরচ বৃদ্ধি পাওয়ায় জিওবি খাতে প্রকল্প ব্যয় বৃদ্ধি করে ২য়

সংশোধনের প্রস্তাব করা হয়েছে। তদুপরি, পরামর্শক নিয়োগের বিষয়ে সম্পাদিত ঋণচুক্তি অনুযায়ী প্রকল্পের জিওবি খাত থেকে ভ্যাট প্রদানের সংস্থান থাকলেও অনুমোদিত ডিপিপিতে তার প্রতিফলন হয়নি বিধায় প্রস্তাবিত ২য় সংশোধনে প্রকল্প হতে পরামর্শক খাতে ভ্যাট প্রদানের সংস্থান রাখা হয়েছে।

২.৩। অতিরিক্ত সচিব (পিপিসি) প্রকল্প সংশোধন বিষয়ে মন্ত্রণালয়ের মতামতের আলোকে সংস্থার অবস্থান সভাকে অবহিত করার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালককে অনুরোধ করেন। মহাপরিচালক বলেন, প্রস্তাবিত ২য় সংশোধনে প্রকল্প সাহায্যের কোন হ্রাস / বৃদ্ধি করা হয়নি। প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধিতে এডিবি মিশন ইতোমধ্যে সম্মতি জানিয়েছে। যেহেতু এডিবির সাথে সম্পাদিত ঋণচুক্তির মেয়াদ ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত সেহেতু অতিরিক্ত ০৬ মাসে প্রকল্পের যাবতীয় ব্যয় জিওবি খাত হতে বহন করা প্রয়োজন। ২য় সংশোধনে জিওবি ব্যয় ৩৬% বৃদ্ধির বিষয়ে তিনি বলেন যে, অবকাঠামো নির্মাণে ব্যয় বৃদ্ধি, কর্মকর্তা কর্মচারীর বর্ধিত বেতনভাতাদি ও রক্ষণাবেক্ষণ খরচ বৃদ্ধি পাওয়ায় মূলত জিওবি বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। প্রকল্পের ১ম সংশোধনে নতুনভাবে ক্রয়কৃত যানবাহনের গাড়ীচালক নিয়োগে প্রচলিত সরকারী বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করে নিয়োগ প্রদান করা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। যুগ্ম প্রধান বলেন, প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের আওতায় নিয়োগকৃত কিছু পদ সরাসরি রাজস্বখাতে স্থানান্তর করা বিদ্যমান বিধিমালার আলোকে সম্ভব নয় বরং বিষয়টি বিদ্যমান বিধি অনুযায়ী প্রক্রিয়া করা যেতে পারে। তিনি আরো বলেন, প্রকল্পের আওতায় অতিরিক্ত জনবল নিয়োগের ব্যয় নির্বাহের জন্য বিবিধ খাতে অর্থ সংস্থান রাখা যেতে পারে। মহাপরিচালক প্রকল্পের আওতায় নিয়োগকৃত কিছু দক্ষ জনবল প্রকল্পের প্রস্তাবিত ৩য় পর্যায়ে নিয়োগে অগ্রাধিকার প্রদানের বিষয়টি বিবেচনার জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।

২.৪। প্রস্তাবিত ২য় সংশোধনে বৈদেশিক শিক্ষা সফর খাতে সম্পূর্ণ নতুনভাবে সংস্থান রাখা হয়েছে। এর যৌক্তিকতা জানতে চাইলে মহাপরিচালক বলেন, প্রকল্পের ১ম সংশোধনে প্রকল্প সাহায্য খাতে বৈদেশিক শিক্ষা সফরের সংস্থান প্রস্তাব করা হয়েছিল কিন্তু পরবর্তীতে এডিবির সম্মতি না পাওয়ায় তা বাদ দিতে হয়। প্রকল্পটিতে যেহেতু কৃষক পর্যায়ে মূল্য সংযোজন কার্যক্রম (Value Addition Support) পরিচালনা করা হচ্ছে সেহেতু মূল্য সংযোজন বিষয়ে কোরিয়া, ভিয়েতনাম, থাইল্যান্ড, চীন প্রভৃতি দেশে প্রশিক্ষণ ও শিক্ষাসফর আয়োজন করা হলে উদ্যোক্তা পর্যায়ে দক্ষতা বৃদ্ধি পাবে। সভাপতি বৈদেশিক শিক্ষাসফর ও প্রশিক্ষণে প্রকল্পে উপকারভোগী কৃষকদের অগ্রাধিকার প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।

২.৫। যুগ্ম প্রধান বলেন, মধ্যবর্তী মূল্যায়ন কমিটির প্রতিবেদনের সুপারিশের আলোকে প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধির বিষয়ে সম্মতি প্রদানের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে দাতা সংস্থা এশীয় উন্নয়ন ব্যাংককে অনুরোধ করা যেতে পারে। বিবিধ খাতে জিওবি বরাদ্দ ৮০% বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে যার সুস্পষ্ট ব্যাখা পুর্নগঠিত ডিপিপিতে প্রদান করা প্রয়োজন। আরডিপিপির "Economic Code wise comparison ….. "এ কোন Physical Quantity/Unit উল্লেখ না থাকায় আইটেমওয়ারী ব্যয় হ্রাস/বৃদ্ধি বিষয়ে নিশ্চিত হওয়া সম্ভব হচ্ছে না। বিষয়সমূহ পুর্নগঠিত ডিপিপিতে প্রতিফলন করা প্রয়োজন। প্রয়োজনে মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং এর সাথে আলোচনা করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

১. মধ্যবর্তী মূল্যায়ন কমিটির প্রতিবেদনের সুপারিশের আলোকে প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধির (জুন, ২০১৭ পর্যন্ত) বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে এশীয় উন্নয়ন ব্যাংক এর সম্মতি গ্রহণ করতে হবে;

২. ২য় সংশোধনের কারণসমূহ আরো সুস্পষ্টভাবে আরডিপিপিতে সংযোজন করতে হবে;

৩. প্রকল্পের আওতায় নিয়োগকৃত জনবল প্রকল্প সমাপ্তির পর রাজস্বখাতে স্থানান্তরের বিষয়টি বিদ্যমান বিধিবিধানের আলোকে নিষ্পত্তি করা যেতে পারে;

৪. Miscellaneous খাতে জিওবি বরাদ্দ ৮০% বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে যার সুস্পষ্ট ব্যাখা পুর্নগঠিত আরডিপিপিতে প্রদান করতে হবে;

৫. প্রস্তাবিত বৈদেশিক শিক্ষাসফর ও প্রশিক্ষণে প্রকল্পে উপকারভোগী কৃষকদের অগ্রাধিকার প্রদান করতে হবে।

৬. প্রস্তাবিত তৃতীয় শস্য বহুমূখীকরণ প্রকল্পের সম্ভাব্যতা যাচাই ও পূর্ব প্রস্তুতি গ্রহণের বিষয়ে যৌক্তিকভাবে আরডিপিপিতে বরাদ্দ রাখা যেতে পারে;

৭. "Economic Code wise and sub-code wise description....." এ ক্রমপুঞ্জিত ব্যয় জুন ২০১৫ পর্যন্ত প্রদর্শন করতে হবে;

৮. মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় হালনাগাদ তথ্যাদি আরডিপিপিতে সংযোজন করতে হবে;

৯. পর্যালোচনা সভার সিদ্ধান্তের আলোকে সংস্থা পুর্নগঠিত আরডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

পরিশেষে সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শ্যামল কান্তি ঘোষ)
সচিব

J:\ \SCDP Review Meeting Minutes (12-07-2015).doc